

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 2.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) বিমলের বাড়ি কোন্ জায়গায় ?
- (খ) “_____ ঘাট থেকে রেঙ্গুনগামী স্টীমার ছাড়ছে।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (গ) পিনাঙের চিনা মঠে কোন্ ভয়ানক নিষ্ঠুর দেবতার মূর্তি আছে ?
- (ঘ) এলিস কোন্ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ?
- (ঙ) ফা-চিন মন্দিরটি কোন্ শহরের উপকণ্ঠে অবস্থিত ?
- (চ) “আমরা তিব্বতের হাঁস। তার ওদিকে আর আমাদের যাবার যো নেই।” কার উক্তি ?
- (ছ) রিদয়ের মা-বাপ কোন্ গাঁয়ের প্রজা ?

- (জ) পাখিদের বারোয়ারি মজলিস কোথায় বসে ?
- (ঝ) “কাক যখন কোকিলের মতো গাইতে পারত তখন, লোকে এদের পুষে দাঁড়ে বসিয়ে ছোলা খাওয়াত।” কোন প্রজাতির কাকের কথা এখানে বলা হয়েছে ?
- (ঞ) “আমি গঙ্গাসাগরে ছান কস্তি যেতেছি।” বক্তা কে ?
- (১) রিদয়
(২) চকা
(৩) গুগলী
(৪) হাড়গিলে

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

২। অতি সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

- (ক) “যেমন ছোটলোক তুই, তেমনি ছোট বুড়ো আংলা যক হয়ে থাক।” কে, কাকে এই অভিশাপ দেন ?
- (খ) “...এই দুই নদী যেখানে মিলেছে, সেই কোণটিতে হল সুরেশ্বরের মঠ।” নদী দুটির নাম লেখো।
- (গ) “বড় ইচ্ছে হচ্ছে ভারতবর্ষের প্রথা অনুসারে আপনার পায়ে হাত দিয়ে প্রণাম করি।” কে, কাকে এভাবে প্রণাম করতে চেয়েছেন ?
- (ঘ) সিঙ্গাপুর বোটানিক্যাল গার্ডেনে কোন দুজন ব্যক্তির সঙ্গে সুরেশ্বর ও বিমলের সাক্ষাৎ হয়েছিল ?
- (ঙ) কোন দু-জাতের হাঁস কোনদিন কোথাও যেতেও চায় না, নড়তেও চায় না ?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) ‘বুড়ো আংলা’ গ্রন্থের পাঠ্য অংশ অবলম্বনে ‘পালদিং অফ নুড়িয়া’ প্রসঙ্গটির বর্ণনা দাও।
- (খ) চাষার ঘরে বন্দী কাঠবেড়ালিকে মুক্ত করতে রিদয় কীভাবে সাহায্য করেছিল, লেখো।
- (গ) “কেমন ভালো লাগল কি? গুরুমশাই খাওয়ান শুকনো বেত, তাই লাগে বিদ্রী।” প্রসঙ্গটির বর্ণনা দাও।
- (ঘ) সুরেশ্বরের সঙ্গে কোথায়, কীভাবে বিমলের পরিচয় হয়েছিল? তারা কেন বিদেশযাত্রা করেছিল?
- (ঙ) “কিন্তু চক্ষুর নিমেষে একটা কাণ্ডের সূত্রপাত হলো, যা বিমলের অভিজ্ঞতার বাহিরে।” ‘মরণের ডঙ্কা বাজে’ উপন্যাসের কাহিনি অবলম্বনে বিমলের অভিজ্ঞতার বিবরণ দাও।
- (চ) মিং-চাউ রেলস্টেশনে বিমল-মিনি-এলিস যে পরিস্থিতির মুখোমুখি হয়েছিল সে বিষয়ে লেখো।

৪। প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘যোগী-গোফা’ অধ্যায়ের ঘটনাবলি সংক্ষেপে বিবৃত করো।
- (খ) রিদয় কীভাবে বুড়ো আংলা হয়ে গেল, লেখো।

(গ) 'বুড়ে আংলা' গ্রন্থের 'আসামী বুরঞ্জী' অংশ অবলম্বনে ইদুরেরা কীভাবে নাটবাড়ির দখল ফিরে পেল তার বিবরণ দাও।

খ—গুছ

(ঘ) 'মরণের ডঙ্কা বাজে' উপন্যাসে প্রোফেসর লি-র ভূমিকা সম্বন্ধে আলোচনা করো।

(ঙ) 'মরণের ডঙ্কা বাজে' উপন্যাসটি নানা আকস্মিক ঘটনাবলিতে পরিপূর্ণ। উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটি বিশ্লেষণ করো।

(চ) 'মরণের ডঙ্কা বাজে' উপন্যাসে চিনা নারী-সৈন্যবাহিনীর সাহসিকতা কীভাবে ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো।
